দৈনিক সংবাদ

FEB. 19 2002

~~FEB. 18 2002~~

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# রাজনৈতিক ছত্রছায়ায় জা. বি এলাকায় সন্ত্রাসীদের আখড়া

জা. বি থেকে সিরাজুল ইসলাম : রাজনৈতিক ছত্রছায়ায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলাকা সন্ত্রাসী, ছিনতাইকারী ও চাঁদাবাজদের আখড়ায় পরিণত হয়েছে। হুমকির সম্মুখীন হয়ে পড়েছে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা, সাধারণ ছাত্রছাত্রীরা চরম নিরাপত্তাহীনতায় ভুগছে। গত রোববার রাতে বিশ্ববিদ্যালয়ের জনাকীর্ণ চৌরঙ্গী মোড় থেকে সংঘবদ্ধ সন্ত্রাসীরা নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র অসীম কুমার নট্যের কাছ থেকে রিভলবার ও ছুরি দেখিয়ে মোবাইল ও সোনার চেইন নিয়ে যায়। দু'দিন আগে ফার্মেসি ভবনের কাছ থেকে ভাসানী হলের এক ছাত্রের ২ হাজার টাকা নিয়ে যায় সন্ত্রাসীরা।

রোববারের ঘটনায় বহিরাগত সন্ত্রাসী সাভার কলেজের অর্থনীতি বিভাগের ছাত্র (১ম বর্ষের) ও জা. বি. সংলগ্ন গকুলনগরের অধিবাসী তরিকুল ইসলাম হীরা হাতেনাতে ধরা পড়ে। পরে তাকে সাভার থানায় সোপর্দ করা হয়।

আটক হীরা জানায়, এ ঘটনায় মানিকের নেতৃত্বাধীন বাবু, আপেল, মফিজসহ ছাত্রদলের উচ্ছৃঙ্খল কিছু নেতা-কর্মী জড়িত।

সাধারণ ছাত্রছাত্রীরা জানায়, বহিরাগত এসব সন্ত্রাসী বেশ কিছুদিন ধরে আল বেরুনী হলে ছাত্রদলের একাংশের সাথে অবস্থান করছিল।

এ ব্যাপারে প্রক্টরের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, এ ধরনের পরিস্থিতি যাতে আর না ঘটে সে জন্য ক্যাম্পাসে পর্যাপ্ত পুলিশ টহলের ব্যবস্থা করা হবে।